ইরানে পারমাণবিক বোমা তৈরির পক্ষে চাপ জোরালো হচ্ছে: রয়টার্স



ছবি: সংগৃহীত

মার্কিন-ইসরায়েলি হামলার প্রেক্ষাপটে ইরানের ভেতরে পারমাণবিক নীতি নিয়ে নতুন করে উত্তেজনা তৈরি হয়েছে। দীর্ঘদিন অস্বীকার করলেও এখন দেশটির কট্টরপন্থি মহল প্রকাশ্যে বোমা তৈরির দাবি তুলছে বলে জানিয়েছে Reuters।

তবে এখনো আনুষ্ঠানিকভাবে নীতিতে কোনো পরিবর্তন হয়নি। ভেতরে ভেতরে এ নিয়ে মতভেদ থাকলেও প্রভাবশালী কিছু গোষ্ঠী কঠোর অবস্থানের দিকে ঝুঁকছে। বিশ্লেষকদের মতে, চলমান চাপ ও হামলার কারণে ইরান ভবিষ্যতে কৌশল বদলাতে পারে, যদিও এটি চাপ তৈরির কৌশলও হতে পারে।

একাধিক সূত্র বলছে, দেশটির ক্ষমতার কাঠামোর ভেতরেই পারমাণবিক নীতি নিয়ে আলোচনা বাড়ছে। বিশেষ করে ইসলামি বিপ্লবী গার্ড সংশ্লিষ্ট গোষ্ঠীগুলো আরও কঠোর অবস্থান নেওয়ার পক্ষে চাপ দিচ্ছে।

এদিকে পারমাণবিক অস্ত্র বিস্তার রোধ চুক্তি (এনপিটি) থেকে সরে যাওয়ার বিষয়টিও নতুন করে আলোচনায় এসেছে। রাষ্ট্রীয় গণমাধ্যম ও বিশ্লেষকদের মধ্যে এ নিয়ে খোলামেলা আলোচনা বাড়ছে।

বিশ্লেষকদের ধারণা, ইরান সরাসরি বোমা তৈরির সিদ্ধান্ত না নিলেও ‘থ্রেশহোল্ড’ সক্ষমতা ধরে রাখার কৌশলেই এগোতে পারে—যাতে প্রয়োজন হলে দ্রুত অস্ত্র তৈরি করা সম্ভব হয়, কিন্তু আন্তর্জাতিক চাপও পুরোপুরি এড়ানো যায়।